

## আপনার ফেসবুক পেজ মনেটাইজেশন করবেন কীভাবে

ফেসবুকে অর্থ উপার্জনের জন্য আপনার পাবলিক পেজ প্রয়োজন হবে। আপনার ফেসবুক পেজ অ্যাড ব্রেকের আওতায় আসলে আপনি ফেসবুক থেকে বিজ্ঞাপনের আয়ের অর্থের শেয়ার পাবেন। এ জন্য আপনার ফেসবুক পেজটি মনেটাইজেশন হতে হবে।

আপনার ফেসবুক পেজটি মনেটাইজেশন হলে আপনার পেজে কনটেন্টগুলোতে নানারকম বিজ্ঞাপন আসবে। আপনি এই বিজ্ঞাপন থেকে কী পরিমাণে কীভাবে অর্থ পাবেন তা মনেটাইজেশনের পর বিভিন্ন অপশন পূরণ করলে ফেসবুক কর্তৃপক্ষ আপনাকে জানিয়ে দেবে।

আপনার ফেসবুক পেজটি মনেটাইজেশন হওয়ার জন্য কিছু বিষয় অনুসরণ করতে হবে। এগুলো হলো: গত ৬০ দিনে আপনার ফেসবুক পেজটিতে নিচের যেকোনো একটি বিষয় বাস্তবায়ন হতে হবে। আপনার ৩মিনিট প্লাস ভিডিওতে উল্লেখযোগ্য পরিমাণ ভিউ হতে হবে। এই উল্লেখযোগ্য পরিমাণ ভিউ হচ্ছে এ ধরনের ভিডিওকে অন্তত ১মিনিট দেখা হতে হবে এবং এ রকম ১ মিনিট দেখার পরিমাণ হতে হবে ৩০,০০০।

অথবা আপনার ফেসবুক পেজে ১৫০০০ এনগেজমেন্ট হতে হবে। অথবা আপনার ফেসবুক পেজে আপকৃত সকল ভিডিও মিলিয়ে ১,৮০,০০০ মিনিট ভিউ হতে হবে।

আপনাকে কমপক্ষে ১৮ বছর বয়সী হতে হবে।

আপনার ফেসবুক পেজে কমপক্ষে ১০,০০০ ফলোয়ার থাকতে হবে। কিছু কিছু জায়গায় এই ফলোয়ার ১০০০ হলেও চলবে।

আপনার কনটেন্টটি আপনার বিজনেস পেজ তথা ফেসবুক পেজে আপ করতে হবে। ব্যক্তিগত অ্যাকাউন্টে আপ করা কনটেন্টের জন্য ফেসবুক আপনাকে কোনো অর্থ দেবে না। তাই ব্যক্তিগত পেজ মনেটাইজেশনের কোনো সুযোগ নেই।

আপনাকে অবশ্যই ফেসবুকের মনেটাইজেশন পার্টনার হওয়ার জন্য কমিউনিটি স্ট্যান্ডার্ড, কপিরাইট, এনগেজমেন্ট, অথেনটিসিটি বিষয়ক নিয়মকানুন মানতে হবে।